# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৬৭

১/ বিবিধ

আরবী

خيار أمتي علماؤها، وخيار علمائها رحماؤها، ألا وإن الله يغفر للعالم أربعين ذنبا، قبل أن يغفر للجاهل ذنبا واحدا، ألا وإن العالم الرحيم يجيء يوم القيامة وإن نوره قد أضاء يمشي فيه بين المشرق والمغرب كما يضيء الكوكب الدري
باطل

أخرجه أبو نعيم في " الحلية " (8 / 188) والخطيب في " تاريخه " (1 / 237 - 238) وفي " الموضح " (2 / 62) وابن عساكر في " ذم من لا يعمل بعلمه " (2 / 58) وفي " التاريخ " (16 / 28 / 2) من طريق محمد بن إسحاق السلمي، حدثنا عبد الله بن المبارك عن سفيان الثوري عن أبي الزناد عن أبي حازم عن أبي هريرة مرفوعا، وقال أبو نعيم: غريب لم نكتبه إلا من هذا الوجه
وقال الخطيب: محمد بن إسحاق السلمي أحد الغرباء المجهولين حدث عن عبد الله ابن المبارك حديثا منكرا، ثم ساق له هذا الحديث، وقال الذهبي في " الميزان فيه جهالة، وأتى بخبر باطل، ثم ذكر هذا، وأقره الحافظ في " اللسان " والسيوطي في " اللآليء " (1 / 235) وقال
وأخرجه ابن الجوزي في " الواهيات " وقد أنكره الخطيب، وكأنه لم يتهم فيه إلا السلمي، ثم قال: " وله طريق آخر عن ابن عمر أخرجه القضاعي في " مسند الشهاب " (ق 104 / 1) : أنبأنا محمد بن إسماعيل الفرغاني حدثنا أحمد بن خالد القرشي حدثنا نوح بن حبيب حدثنا ابن مسلمة عن مالك عن نافع عن ابن عمر بمثله سواء،

وقال في " الميزان " أحمد بن خالد لا يعرف، والخبر باطل
قلت: وأقره الحافظ في " اللسان " وقد رواه فيه من طريق القضاعي، فقد اتفق هؤلاء الحفاظ الثلاثة الذهبي والعسقلاني والسيوطي على بطلان هذا الحديث من الوجهين، فأعجب للسيوطى كيف يخالفهم ويناقض نفسه فيورد الحديث في " الجامع الصغير " من الطريقين المذكورين مع اعترافه ببطلانهما وقد ذكر المناوي نحو هذا في " الفيض " وأما في " التيسير " فاقتصر على تضعيف إسناده

বাংলা

৩৬৭। আমার উম্মাতের আলেমরা হচ্ছে সর্বোত্তম এবং আমাদের আলেমদের মধ্যে দয়াবানরা হচ্ছে সর্বোত্তম। সাবধান! অবশ্যই আল্লাহ তা’আলা জাহেলের একটি গুনাহ ক্ষমা করার পূর্বেই আলেমের চল্লিশটি গুনাহ ক্ষমা করে দেন। সাবধান! দয়াবান আলেম কিয়ামত দিবসে আগমন করবেন এমতাবস্থায় যে তার নূর আলোকিত করবে যেমনভাবে সাদা তারকা আলোকিত করে এবং সে তাতে পূর্ব এবং পশ্চিম প্রান্তে চলাফিরা করবে।

হাদীসটি বাতিল।

এটি আবু নুয়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৮/১৮৮), আল-খাতীব তার “আত-তারীখ” গ্রন্থে (১/২৩৭-২৩৮) ও “মুয়াযযিহ” গ্রন্থে (২/৬২) এবং ইবনু আসাকির “যাম্মু মান লা ইয়ামালু বি ইলমিহি” গ্রন্থে (২/৫৮) ও “আত-তারীখ” গ্রন্থে (১৬/২৮/২) মুহাম্মাদ ইবনু ইসহাক সুলামী সূত্রে আবদুল্লাহ ইবনুল মুবারাক হতে ... বর্ণনা করেছেন।

আল খতীব বলেনঃ মুহাম্মাদ ইবনু ইসহাক মাজহুলদের অন্তর্ভুক্ত। তিনি আবদুল্লাহ ইবনুল মুবারাক হতে মুনকার হাদীস বর্ণনা করেছেন।

ইমাম যাহাবী “আল-মীযান” গ্রন্থে বলেছেনঃ তার মধ্যে জাহালাত (অজ্ঞতা) রয়েছে এবং তিনি বাতিল খবর (হাদীস) নিয়ে এসেছেন। অতঃপর এ হাদীসটি উল্লেখ করেছেন। হাফিয ইবনু হাজার “লিসানুল মীযান” গ্রন্থে এবং সুয়ূতী “আল-লাআলী” গ্রন্থে (১/২৩৫) যাহাবীর বক্তব্যকে সমর্থন করেছেন।

এটির আরো একটি সূত্র রয়েছে। সেটিকে কাযাঈ “মুসনাদুশ শিহাব” গ্রন্থে (কাফ ১/১০৪) উল্লেখ করেছেন। যার সনদে আহমাদ ইবনু খালিদ কুরাশী রয়েছেন। তার সম্পর্কে যাহাবী “আল-মীযান” গ্রন্থে বলেছেনঃ তাকে চেনা যায় না এবং হাদীসটি বাতিল।

আমি (আলবানী) বলছিঃ হাফিয ইবনু হাজার তার এ কথাকে “আল-লিসান” গ্রন্থে সমর্থন করেছেন।

যাহাবী, ইবনু হাজার এবং সুয়ূতী তারা তিন হাফিয হাদীসটি বাতিল এ মর্মে একমত হওয়ার পরেও সুয়ূতী নিজেই নিজের বিরোধিতা করে হাদীসটি “জামেউস সাগীর” গ্রন্থে উল্লেখিত দুটি সূত্র হতেই উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67952

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন